



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
নিয়োগ ও পদোন্নতি শাখা, প্রশাসন বিভাগ



নম্বর: ৩০.৩১.০০০০.২০১.২৭.০০৯.২২.২২৫২

৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কাজের স্বার্থে নিম্নোক্ত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিতরূপে পদায়ন/সংযুক্ত/চলতি দায়িত্ব প্রদান করা হলো :

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবি	যে পদে চলতি দায়িত্ব/পদায়ন প্রদান করা হলো
১	জনাব এস এম লুৎফুল কবির উপ-পরিচালক (এএনএস-ইমপেকশন)	চলতি দায়িত্ব: পরিচালক (এএনএস ইমপেকশন) পদায়ন: এফএসআর বিভাগ, সিএএবি সদর দপ্তর, ঢাকা।
২	জনাব মোঃ আব্দুল লতিফ সহকারী পরিচালক (এজিএ)	চলতি দায়িত্ব: উপ-পরিচালক (ডিজাইন স্ট্যান্ডার্ড এন্ড এজিএ) পদায়ন: এফএসআর বিভাগ, সিএএবি সদর দপ্তর, ঢাকা।
৩	জনাব মোঃ ওয়াহিদুজ্জামান সহকারী পরিচালক (এয়ার ট্রান্সপোর্ট)	চলতি দায়িত্ব: উপ-পরিচালক (বাইল্যাটেরাল নেগোসিয়েশন) পদায়ন: এফএসআর বিভাগ, সিএএবি সদর দপ্তর, ঢাকা।
৪	জনাব মোঃ আনোয়ার হোসেন সহকারী পরিচালক (সিএনএস-এএনএস ইমপেকশন)	চলতি দায়িত্ব: উপ-পরিচালক (সিএনএস-এএনএস ইমপেকশন) পদায়ন: এফএসআর বিভাগ, সিএএবি সদর দপ্তর, ঢাকা।

শর্তাবলী:

- চলতি দায়িত্ব পদোন্নতি হিসেবে দাবি করা যাইবে না;
- চলতি দায়িত্ব পালনকারী কর্মকর্তা চলতি দায়িত্ব পালনের কারণে চলতি দায়িত্বের পদে বা অন্য কোনো পদে পদায়ন, বদলি বা পদোন্নতি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ অগ্রগণ্যতা বা অধিকার অর্জন করিবেন না।
- চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চলতি দায়িত্ব প্রাপ্তির কারণে পূর্বের দায়িত্ব হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন;
- চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পূর্ব পদের দায়িত্ব হস্তান্তর পূর্বক চলতি দায়িত্বপ্রাপ্ত পদে যোগদান করিবেন।

২.০ বর্ণিত কর্মকর্তাগণকে আদেশ জারীর তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য চলতি দায়িত্ব প্রদান করা হলো।

৩.০ উল্লিখিত চলতি দায়িত্বের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ১৮/০৪/২০২৩ তারিখ জারীকৃত 'শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা-২০২৩' সংক্রান্ত প্রজ্ঞাপন এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২৭/০২/২০১৮ তারিখ জারীকৃত পরিপত্র এর শর্তাবলী প্রযোজ্য হবে।

৪.০ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১-০৯-২০২৩
মোঃ তিরান হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)